

নামস্ব
#১৭৭৫
০৬/০৩/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.১০৬.০২৭.০৭.০৩.২০৪.২০১৬- ২০১

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৩।
০২ মার্চ ২০১৭।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), সদর, গাইবান্ধা, (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), বিরামপুর, দিনাজপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে ০২.১১.২০১৬ তারিখে বিভাগীয় মামলা (বিমা-২১/১৬) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৪.১১.২০১৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং ০৬.০২.২০১৭ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার দাখিলকৃত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এবং বিভাগীয় মামলার প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অদক্ষতা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং সার্বিক বিবেচনায় তাঁকে লঘুদণ্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(বি) উপবিধি মোতাবেক জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), সদর, গাইবান্ধা, (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), বিরামপুর, দিনাজপুর)-এর ০১ (এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হল। তিনি ভবিষ্যতে স্থগিতকৃত বেতনের বকেয়া প্রাপ্য হবেন না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।




ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.১০৬.০২৭.০৭.০৩.২০৪.২০১৬- ২০১/১৯

তারিখঃ ২৬ ফাল্গুন ১৪২৩।
০২ মার্চ ২০১৭।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপপরিচালক (তঃ ও শৃঃ/প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর।
৭. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা/দিনাজপুর।
৯. জেলা হিসাব রক্ষণ অফিসার, গাইবান্ধা।
১০. জনাব কাজল কুমার সরকার, উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), সদর, গাইবান্ধা, (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার (চ: দা:), বিরামপুর, দিনাজপুর)।
১১. ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সংরক্ষণ নথি।



মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)